

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৬১/২০১৯

তারিখঃ ২০/১০/২০১৯খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

জরুরী দৃষ্টি আকর্ষণ

মূসক দাখিলপত্র (VAT Return) দাখিল করা প্রসঙ্গে

সকল সম্মানিত সদস্য/সদস্যদের জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৪ অনুযায়ী মূসক নিবন্ধিত সকল প্রতিষ্ঠানকে মূসক-৯.১ ফরম এ মূল্য সংযোজন কর দাখিলপত্র (VAT Return) প্রত্যেক কর মেয়াদ (এক মাস) সমাপ্তির পর ১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

মূসক দাখিলপত্র অর্থাৎ মূসক-৯.১ ফরম পূরণ করে হার্ডকপি সরাসরি নিজ ভ্যাট সার্কেল অফিসে দাখিল করা যাবে অথবা নিজ প্রতিষ্ঠানের ভ্যাট অনলাইন User ID ও Password দিয়ে www.vat.gov.bd ওয়েবসাইটে লগইন করে অনলাইনে দাখিলপত্র দাখিল করা যাবে।

নির্ধারিত তারিখের মধ্যে মূসক দাখিলপত্র দাখিল করা না হলে আইনের ধারা ৮৫(১) অনুযায়ী মূসক কর্মকর্তা জরিমানা আরোপ করতে পারবেন।

এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার নেওয়ার জন্য ভ্যাট অনলাইন হেল্প লাইন **16555** অথবা নিজ ভ্যাট সার্কেল অফিস বা কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, আখ্ৰাবাদ, চট্টগ্রাম এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক